

## ভর্তি

# কলেজে ভর্তিতে চতুর্থ ধাপের আবেদনের সুযোগ, জেনে নিন বিস্তারিত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১১: ০৩



×

কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিতে আবেদন করছে শিক্ষার্থীরা। প্রথম আলো ফাইল ছবি

২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে চতুর্থ ধাপের আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। তিন ধাপে আবেদনের পরও অনেক শিক্ষার্থী কলেজে ভর্তির সুযোগ পাননি। ফলে আরও এক দফায় ভর্তির সুযোগ দেওয়া হলো। আগামী রোববার (২১ সেপ্টেম্বর) থেকে শুরু হবে এ আবেদন। ওই দিন সকাল ৯টা থেকে অনলাইনে আবেদন করতে পারবে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা। এ বিষয়ে একাদশের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে বিস্তারিত তথ্য জানা যাবে।

গত সোমবার (১৫ সেপ্টেম্বর) এ-সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। যারা একাদশ শ্রেণিতে ভর্তির সুযোগ পায়নি, তাদের জন্য চতুর্থ ধাপে ও সর্বশেষ ধাপের আবেদনের এ সুযোগ দেওয়া হলো।

চতুর্থ ধাপের আবেদন চলবে ২২ সেপ্টেম্বর, সোমবার রাত ১০টা পর্যন্ত। এ ধাপের আবেদনের ফল প্রকাশ করা হবে ২৪ সেপ্টেম্বর, বুধবার রাত ৮টায়। এ ধাপের কলেজ নিশ্চয়ন শুরু হবে ২৫ সেপ্টেম্বরে। ২৬ সেপ্টেম্বর, শুক্রবার রাত ৮টায় শেষ হবে কলেজ নিশ্চয়ন। কলেজে ভর্তি কার্যক্রম চলবে ২৮ ও ২৯ সেপ্টেম্বর পর্যন্ত।

এর আগে, গত রোববার (১৪ সেপ্টেম্বর) ভর্তি কার্যক্রম শেষ হয়েছে। ১৫ সেপ্টেম্বর থেকে এ শিক্ষাবর্ষের ক্লাস শুরু হয়েছে।

কলেজে ভর্তিতে চতুর্থ ধাপের আবেদনের সুযোগ পাবে শিক্ষার্থীরা। প্রথম আলো ফাইল ছবি

---

প্রসঙ্গত, ৭ সেপ্টেম্বর থেকে ভর্তি কার্যক্রম শুরু হয়। তৃতীয় ধাপের আবেদনের ফলাফল প্রকাশ করা হয় ৩ সেপ্টেম্বর। এর আগে ১ সেপ্টেম্বর রাতে আবেদনপ্রক্রিয়া শেষ হয়েছে। একাদশের ভর্তিবিষয়ক [ওয়েবসাইটে](#) ভর্তির বিষয়ে বিস্তারিত জানা যাবে।

---

